# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫৩৩

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৪১. কুরআন মজীদ দ্বারা আরোগ্য প্রার্থনা

بَابُ الإِسْتِفْشَاءِ بِالْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبَيْدِ بْنِ عُتْبَةَ بْنِ عَبْدِ الرَّحْمن الْكِنْدِيُّ حَدَّثَنَا عَلِيُّ ابْنُ ثَابِتٍ حَدَّثَنَا مُعَاذُ بْنُ سُلَيْمَانَ عَنْ أَبِيْ إِسْحَاقَ عَنْ الْحَارِثِ عَنْ عَلِيٍّ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ خَيْرُ الدُّعَاءِ الْقُرْآنُ

বাংলা

১/৩৫৩৩। আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ উত্তম ঔষধ হলো কুরআন মজীদ।

## English

It was narrated from ‘Ali that the Messenger of Allah (ﷺ) said:
“The best remedy is the Qur’an.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. আলী বিন সাবিত সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার শীয়া মতাবলম্বী হওয়ার ব্যাপারে অভিযোগ রয়েছে। ইমাম যাহাবী তাকে সিকাহ বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪০৩৩, ২০/৩৩৯ নং পৃষ্ঠা) ২. সাআআদ বিন সুলায়মান সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনার ক্ষেত্রে নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন, তিনি শীয়া মতাবলম্বী। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২১৯৭, ১০/২৩৭ নং পৃষ্ঠা) ৩. হারিস (বিন আবদুল্লাহ) সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন ও আহমাদ বিন সালিহ আল-মিসরী বলেন, তিনি সিকাহ। ইমাম নাসাঈ বলেন, কোন সমস্যা নেই। আলী ইবনুল মাদীনী তাকে মিথ্যুক বলেছেন। আবু যুরআহ আর-রাযী বলেন, তার হাদিস গ্রহনযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী বলেন, হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য

নয়। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ১০২৪, ৫/২৩৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44497

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন